গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

আঞ্চলিক / জোনল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১ বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান সহায়ক প্রতিষ্ঠান। আইসিটিতে দক্ষ মানব সম্পদ উন্নয়নে বিসিসির অত্র কার্যালয় ওতোপ্রতভাবে কাজ করছে। সাম্প্রতিক বছরগুলোতে অত্র কার্যালয় হতে ১৮০ জন প্রতিবন্ধী ব্যাক্তি, ৪০ জন নারী উদ্যোক্তাসহ সর্বমোট ৪৩৬ জন'কে স্বল্প মেয়াদী, দীর্ঘমেয়াদী এবং কাস্টমাইজড কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে স্মার্টবোর্ডসহ প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে দুটি ল্যাবে একসাথে মোট ৪০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। উক্ত ২টি প্রশিক্ষণ ল্যাবের মধ্যে ১টি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের জন্য আইসিটি রিসোর্স সেন্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে। ইনফোসরকার-২ এর আওতায় ফরিদপুরে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে যার রক্ষনাবেক্ষন কার্যক্রম বিসিসি'র নেটওয়ার্ক অপারেশন সেন্টারসহ অত্র কার্যালয় থেকে প্রদান করা হচ্ছে। এ ছাড়াও বিসিসি কর্তৃক বিভিন্ন সরকারী কার্যালয়ে স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে সর্বাত্মক সহযোগিতা চালিয়ে যাচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

- অত্র কার্যালয়ের নিজস্ব স্থায়ী অবকাঠামো নেই। যে কারণে স্থায়ীভাবে নেটওয়ার্ক সিস্টেম ও ল্যাবের আধুনিকায়ন করা যাচ্ছে না।
- আঞ্চলিক কার্যালয়ের সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত জনবলের অভাব, এছাড়া বর্তমান কাঠামোর বিদ্যমান ৪টি কর্মকর্তার পদের মধ্যে ৩টি শূন্য থাকায় কার্যালয়টির কার্যক্রম পরিচালনায় বিঘ্ন হচ্ছে;
- আঞ্চলিক কার্যালয়ের নিজস্ব কোন পরিবহণ না থাকা এবং মাঠ পর্যায়ে বিসিসি ও বিসিসি কর্তৃক পরিচালিত প্রকল্পের কার্যক্রমের সাথে আঞ্চলিক কার্যালয়ের সমন্বয় না থাকায় সেবা গ্রহীতাকে সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে।
- বিদ্যমান কভিড-১৯ পরিস্থিতিতে প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে বিঘ্ন ঘটছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

- আঞ্চলিক পর্যায়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিকাশের জন্য "প্রযুক্তি ল্যাব ও সফটওয়্যার ফিনিসিং স্কুল স্থাপনের মাধ্যমে বিসিসি আঞ্চলিক কার্যালয়সমূহ শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় স্থায়ী অবকাঠামো নির্মাণের মাধ্যমে অত্র অঞ্চলে একটি তথ্যপ্রযুক্তি বলয় তৈরি করা।
- আধুনিক প্রযুক্তি নির্ভর পেশাজীবি তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়ন করা।
- জাতীয় ডাটা সেন্টারের সেবা সম্প্রসারনের লক্ষ্যে আঞ্চলিক কার্যালয়ে Mini NOC স্থাপন করা।
- আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম ব্যাপকভাবে জনবান্ধব করার জন্য ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- কেন্দ্রীয় ভাবে জাতীয় নেটওয়ার্ক অপারেশন সেন্টার NOC -এর পাশাপাশি স্থানীয় পর্যায়ে সরকারি দপ্তরে স্থাপিত নেটওয়ার্ক সংযোগ মনিটরিং, মোরামত ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান।
- নিউরো ডেভেলপমেন্ট ডিসঅর্ডারসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়নের জন্য কমপক্ষে ২০ জন প্রশিক্ষণার্থীকে আইসিটি প্রশিক্ষণ প্রদান।
- স্বল্প মেয়াদী, দীর্ঘ মেয়াদী ও কাস্টমাইজড প্রশিক্ষণ কোর্সে ৫০ জন প্রশিক্ষণার্থীকে আইসিটি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি করা।
- বিভিন্ন সরকারি অফিসের ত্রুটিপূর্ণ সকল ভিডিও কনফারেন্সিং সিষ্টেমগুলো সচল করা।
- নিজস্ব স্থাপনা তৈরির কর্যক্রমের অংশ হিসাবে ভূমি অধিগ্রহন প্রক্রিয়া সমাপ্ত করা।
- ৪র্থ শিল্প বিপ্লব এর উপর প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমূখী ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

১.২ অভিলক্ষ্য (Mission)

স্বচ্ছতা ও নিরাপত্তার সাথে নাগরিকদের উন্নত সেবা প্রদান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের মাধ্যমে জাতীয় লক্ষ্য অর্জনে সরকারকে সহায়তা করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
২. ই-গভর্নেন্স বাস্তবায়ন
৩. নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়ন
৪. সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে যুগপযোগী ও মান সম্মত প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;
২. আঞ্চলিক পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহন;
৩. ই-গভঃ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং সেমিনার ও কর্মশালার আয়োজন;
৪. ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক সম্প্রসারনে সরকারি দপ্তরসমূহে কারিগরি সেবা প্রদান;
৫. আইসিটি রিসোর্স সেন্টার ব্যবহার করে তথ্যপ্রযুক্তি সেক্টরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন;
৬. আইসিটির নিরাপদ ব্যবহার বিষয়ক কার্যক্রম অবহিতকরণ;
৭. বিসিসি কর্তৃক দেশব্যাপী স্থাপিত নেটওয়ার্ক ও ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে পর্যাপ্ত সহযোগিতা প্রদান;
৮. সরকারি/বেসরকারি দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী বিসিসি আঞ্চলিক কার্যালয়ের ল্যাব সুবিধা প্রদান;
৯. সরকারি দপ্তরের চাহিদা অনুযায়ী আইসিটি বিষয়ক প্রশিক্ষণে দক্ষ রিসোর্স পারসন প্রেরণ;
১০. উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ;
১১. প্রধান কার্যালয় নির্দেশিত যে কোন দায়িত্ব পালন;

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন	প্রশিক্ষণার্থী	সংখ্যা	৯৮		৫০	৬০	৭০	EPWDICT প্রজেক্ট, Women চেম্বার, BWIT, BIID, BCC	প্রশিক্ষণ প্রতিবেদন
ই-গভর্নেন্স বাস্তবায়ন	প্রদানকৃত সেবা	সংখ্যা	৬০	১০০	১৭০	১৮০	১৯০	BCC(NOC), NTTN (BTCL, F@H, SCL)	BCC NOC, NTTN এর প্রতিবেদন
	প্রশিক্ষণার্থী	সংখ্যা			২০	৩০	৪০	বিসিসি ও অন্যান্য সরকারি দপ্তর/সংস্থা	প্রশিক্ষণ প্রতিবেদন
নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়ন	প্রশিক্ষণার্থী	সংখ্যা	১২০		২০	৩০	৪০	NDD প্রজেক্ট, Women চেম্বার, BWIT, BIID, BCC	প্রশিক্ষণ প্রতিবেদন
সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ	আয়োজিত ইভেন্ট	সংখ্যা	৫	১	১	২	৩	BCC, স্থানীয় বিভিন্ন সরকারী/রেসরকারী দপ্তর সংস্থা	সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন সংক্রান্ত প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন	২৫	[১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ আয়োজন	[১.১.১] প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	২৫	৯৮		৪০	৩০	২০	১০		৫০	৬০
[২] ই-গভর্নেন্স বাস্তবায়ন	২০	[২.১] জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	[২.১.১] কারিগরি সেবা	সমষ্টি	সংখ্যা	৭		৮০	১৫০	১২০	৯০	৮০	৭০	১৬০	১৭০
		[২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা	[২.২.১] কারিগরি সেবা	সমষ্টি	সংখ্যা	৭		২০	২০	১৫	১০	৫		২৫	৩০
		[২.৩] ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ	[২.৩.১] অংশগ্রহনকারী	সমষ্টি	সংখ্যা	৪			২০	১০				৩০	৪০
		[২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান	[২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবা	সমষ্টি	সংখ্যা	২	৭	২	২	১				৩	৪
[৩] নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়ন	১৫	[৩.১] নারীর সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.১.১] প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	১০	৪০		১০					৩০	৪০
		[৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.২.১] প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	৫	১২০		১০					৩০	৪০
[৪] সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ	১০	[৪.১] সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন আয়োজন	[৪.১.১] আয়োজিত ইভেন্ট	সমষ্টি	সংখ্যা	১০	৫	১	১					২	৩

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হিসাবে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

....

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর

....

তারিখ

....

নির্বাহী পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

....

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ইপিডব্লিউডিআইসিটি(EPWDICT)	এমপাওয়ারমেন্ট অব পারসনস উইথ ডিজএ্যাবিলিটিস ইনকুলুডিং এনডিডি থ্রু আইসিটি
২	এনওসি(NOC)	নেটওয়ার্ক অপারেশন সেন্টার
৩	এনটিটিএন(NTTN)	ন্যাশনাল টেলিকমিনিউকেশন ট্রান্সমিশন নেটওয়ার্ক
৪	এনডিডি(NDD)	নিউরো ডেভলেপমেন্টাল ডিজঅর্ডার
৫	এফ@এইছ(F@H)	ফাইবার @ হোম লিমিটেড
৬	এসসিএল(SCL)	সামিট কমিউনিকেশন লিমিটেড
৭	বিআইআইডি(BIID)	বাংলাদেশ ইনস্টিটিউট অব আইসিটি ইন ডেভলপমেন্ট
৮	বিডব্লিউআইটি(BWIT)	বাংলাদেশ উইমেন ইন টেকনোলোজী
৯	বিসিসি(BCC)	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ আয়োজন	[১.১.১] প্রশিক্ষণার্থী	বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর	প্রশিক্ষণ প্রতিবেদন
[২.১] জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	[২.১.১] কারিগরি সেবা	বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়/NOC এর প্রতিবেদন
[২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা	[২.২.১] কারিগরি সেবা	বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়/NOC এর প্রতিবেদন
[২.৩] ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ	[২.৩.১] অংশগ্রহনকারী	বিসিসি প্রধান কার্যালয় ও বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর	প্রশিক্ষণ প্রতিবেদন
[২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান	[২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবা	বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন
[৩.১] নারীর সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.১.১] প্রশিক্ষণার্থী	বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর ও বিসিসি প্রধান কার্যালয়	প্রশিক্ষণ প্রতিবেদন
[৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.২.১] প্রশিক্ষণার্থী	বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর, প্রকল্প দপ্তর ও বিসিসি প্রধান কার্যালয়	প্রশিক্ষণ প্রতিবেদন/প্রকল্প দপ্তরের প্রতিবেদন
[৪.১] সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন আয়োজন	[৪.১.১] আয়োজিত ইভেন্ট	বিসিসি প্রধান কার্যালয় ও বিসিসি আঞ্চলিক কার্যালয় ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা	কারিগরি সেবা	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বিসিসি প্রধান কার্যালয় হতে নিয়োগকৃত জনবলের মাধ্যমে
জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	কারিগরি সেবা	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বিসিসি প্রধান কার্যালয় হতে নিয়োগকৃত জনবলের মাধ্যমে
সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান	প্রদানকৃত পরামর্শ সেবা	সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান	স্থানীয় পর্যায়ের সরকারি দপ্তরসমূহের চাহিদা প্রাপ্তির মাধ্যমে
নারীর উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণার্থী	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে
ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ	অংশগ্রহনকারী	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বিসিসি প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে
প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণার্থী	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	EPWDICT প্রকল্প ও বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে
সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন আয়োজন	আয়োজিত ইভেন্ট	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ